

২০২৩ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার ফরম পূরণের সময় বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি:

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র কলেজের ২০২৩ সালের মাস্টার্স শেষ পর্ব নিয়মিত/অনিয়মিত/অকৃতকার্য/গ্রেড উন্নয়ন/প্রাইভেট পরীক্ষার্থীদের আবেদন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পন্ন হবে। পরীক্ষার আবেদন ফরম, বিবরণী ফরম পূরণ ও জমা দানের তারিখ, আনুষঙ্গিক নিয়ম ও শর্তাবলী বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (www.nubd.info/formfilup) দেয়া আছে।

পূরণকৃত আবেদন ফরম ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র জমা দেওয়ার স্থান, তারিখ ও সময় নিম্নরূপ:

(নিয়মিত/নিয়মিত প্রাইভেট)

বিষয়	অনলাইনে টাকা জমা দিয়ে রশিদসহ ফরম ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র স্ব স্ব বিভাগে জমা	
	তারিখ:	সময়:
বাংলা/ইংরেজী/দর্শন/রাষ্ট্রবিজ্ঞান/ইতিহাস/ইসলামী শিক্ষা হিসাববিজ্ঞান/অর্থনীতি/ব্যবস্থাপনা/ইস: ইতি: ও সংস্কৃতি গণিত/পদার্থবিদ্যা/রসায়ন/উদ্ভিদবিদ্যা/প্রাণিবিদ্যা	০২/০২/২০২৬ হতে ১৭/০২/২০২৬ পর্যন্ত	সকাল ৯.৩০ মিনিট হতে দুপুর ১.০০ টা পর্যন্ত

(অনিয়মিত/অকৃতকার্য/গ্রেড উন্নয়ন/ অনিয়মিত প্রাইভেট)

বিষয়	অনলাইনে টাকা জমা দিয়ে রশিদসহ ফরম ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র স্ব স্ব বিভাগ হতে যাচাই পূর্বক কলেজের হিসাব শাখায় জমা	
	তারিখ:	সময়:
বাংলা/ইংরেজী/দর্শন/রাষ্ট্রবিজ্ঞান/ইতিহাস/ইসলামী শিক্ষা হিসাববিজ্ঞান/অর্থনীতি/ব্যবস্থাপনা/ইস: ইতি: ও সংস্কৃতি গণিত/পদার্থবিদ্যা/রসায়ন/উদ্ভিদবিদ্যা/প্রাণিবিদ্যা	০২/০২/২০২৬ হতে ১৭/০২/২০২৬ পর্যন্ত	সকাল ৯.৩০ মিনিট হতে দুপুর ১.০০ টা পর্যন্ত

ফিসের তালিকা:

নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট			
এমএসসি ব্যতীত সকল বিষয়	এমএসসি ব্যতীত সকল বিষয় (প্রাইভেট)	পদার্থ/রসায়ন	উদ্ভিদ/প্রাণি/গণিত
৪৫৫৫/-	৪২৫৫/-	৫১০৫/-	৪৮০৫/-

গ্রেড উন্নয়ন (১-৭ পত্র)

১ পত্র	২ পত্র	৩ পত্র	৪ পত্র	৫ পত্র	৬ পত্র	৭ পত্র	শুধু মৌখিক/ব্যবহারিক/টার্নপেপার
২১০৫/-	২৪০৫/-	২৭০৫/-	৩০০৫/-	৩৩০৫/-	৩৬০৫/-	৩৯০৫/-	২৮০৫/-

২০১৮-২০১৯ ও ২০১৯- ২০২০ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের ক্ষেত্রে উক্ত টাকার সাথে অতিরিক্ত বিশেষ অন্তর্ভুক্তি যুক্ত হবে - ৫০০০/-

অনলাইনে ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা ও শর্তসমূহ:

০১। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/formfilup) থেকে ফরম পূরণ করে ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

০২। গ্রেড উন্নয়ন/অকৃতকার্য (১-৭ পত্র) পরীক্ষার্থীরা ডাউনলোডকৃত ফরমের প্রিন্ট কপি আগামী ০২/০২/২০২৬ থেকে ১৭/০২/২০২৬ তারিখের মধ্যে কলেজের আইসিটি বিভাগে (কক্ষ নং-১১০৭) জমা দিয়ে টাকার অংক নির্ধারণ করে নিয়ে রকেট/উপায়/বিকাশ/নগদের মাধ্যমে পরীক্ষার ফি জমা দিবে। রকেট/উপায়/বিকাশ/নগদ এর মাধ্যমে নিম্নোক্ত পত্রিয়ায় পরীক্ষার ফি জমা দিতে হবে:

রকেট/উপায়/বিকাশ/নগদ এর অ্যাপ এ গিয়ে Pay Bill / Education সিলেক্ট করতে হবে। অতঃপর Govt. Debendra College সিলেক্ট করলে Bill period ও Enter Student ID আসবে। এখানে চলতি মাসের নাম সিলেক্ট করে নিয়মিত শিক্ষার্থীরা তাদের ভর্তি রোল নম্বর (১৩ অক্ষরের) এবং অনিয়মিত/অকৃতকার্য/গ্রেড- উন্নয়ন পরীক্ষার্থীরা তাদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নম্বর (১৩ অক্ষরের) দিয়ে ট্যাপ করলে শিক্ষার্থীর নামসহ টাকার অংক আসবে। টাকার পরিমাণ দেখে নিশ্চিত হয়ে সিলেক্ট করে প্রয়োজনীয় পিন নম্বর প্রদান করে ফিস প্রদান করতে হবে।

অনলাইনে টাকা জমাদানের পর শিক্ষার্থীদের জন্য করণীয়:

পূরণকৃত ফরম নিম্নোক্ত কাগজপত্রসহ নির্ধারিত সময়ের (অফিস চলাকালীন সময়ের মধ্যে সরকারি ছুটির দিন ব্যতিত) নিয়মিত শিক্ষার্থীরা স্ব স্ব বিভাগে এবং অনিয়মিত/গ্রেড উন্নয়ন/অকৃতকার্য পরীক্ষার্থীরা তাদের পূরণকৃত ফরম স্ব স্ব বিভাগ হতে যাচাই পূর্বক কলেজের হিসাব শাখায় জমা দিয়ে ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন করবে। নির্দিষ্ট সময়ের মধ্যে ফরম জমা দিতে ব্যর্থ হলে তাদের ফরম বাতিল বলে গণ্য হবে এবং কোন অবস্থাতেই তারা চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

সংযুক্তি সমূহ:


০১। রেজি: কার্ডের ফটোকপি ০১টি।

০২। সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি ০২টি।

০৩। অনিয়মিত/অকৃতকার্য/গ্রেড- উন্নয়ন পরীক্ষার্থীদের প্রবেশ পত্রের ফটোকপি ০১টি।

০৪। অনিয়মিত/অকৃতকার্য/গ্রেড- উন্নয়ন পরীক্ষার্থীদের রেজাল্ট শীটের কপি ০১টি।

০৫। রকেট/বিকাশ/ নগদ/উপায়-এর মাধ্যমে ফি জমাদানের রশিদের কপি (মূল কপির সম্মুখভাগে শিক্ষার্থীর নাম, ক্লাশ রোল নম্বর, বিভাগ, ও মোবাইল নম্বর লিখে ফটোকপি করতে হবে। মূল কপি জমা দিবে এবং ফটোকপি হিসাবশাখা/স্ব স্ব বিভাগ হইতে স্বাক্ষর ও সীল দিয়ে শিক্ষার্থী সংরক্ষণ করবে)।


(প্রফেসর মো: শহীদুল্লাহমান)

আইডি নং- ১০৫১

অধ্যক্ষ

সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।